# ক্ষমতায় গেলে সেনাবাহিনীকে রাজনৈতিক কাজে ব্যবহার নয়: তারেক রহমান



বিএনপির চেয়ারম্যান তারেক রহমান। ছবি: সংগৃহীত

বিএনপি ক্ষমতায় এলে সেনাবাহিনীকে কোনো রাজনৈতিক উদ্দেশ্যে ব্যবহার করা হবে না—এমন অঙ্গীকার করেছেন দলের চেয়ারম্যান তারেক রহমান। শনিবার (৭ ফেব্রুয়ারি) রাতে সাবেক সামরিক কর্মকর্তাদের সঙ্গে মতবিনিময় সভায় তিনি এ কথা বলেন।

তিনি জানান, সেনাবাহিনীর মর্যাদা ও পেশাগত স্বাতন্ত্র্য রক্ষা করা বিএনপির অগ্রাধিকার। ক্ষমতায় গেলে ‘ওয়ান র‍্যাঙ্ক ওয়ান পেনশন’ চালুর উদ্যোগ নেওয়া হবে এবং বাহিনীর যৌক্তিক দাবিগুলো ধাপে ধাপে বাস্তবায়ন করা হবে।

তারেক রহমান বলেন, সেনাবাহিনীর সদস্যদের রাজনৈতিক বিষয়ে সচেতন থাকা প্রয়োজন হলেও কোনোভাবেই তারা যেন রাজনৈতিক প্রভাবের আবরণে ঢেকে না যান, সে বিষয়ে সতর্ক থাকা জরুরি।

২০০৯ সালের পিলখানা হত্যাকাণ্ডকে পরিকল্পিত ঘটনা হিসেবে উল্লেখ করে তিনি বলেন, দিনটিকে জাতীয়ভাবে স্মরণ করার উদ্যোগ নেওয়ার চিন্তা রয়েছে। পাশাপাশি, সুযোগ পেলে বিডিআরের পূর্বের নাম পুনর্বহাল করার কথাও উল্লেখ করেন তিনি।

তিনি আরও বলেন, দেশ যখন স্বৈরতান্ত্রিক চাপে পড়ে স্বাধীনতা ও সার্বভৌমত্বের ঝুঁকিতে ছিল, তখন বিএনপি সবসময় এসব মূল্যবোধের পক্ষে অবস্থান নিয়েছে।

LENS ASIA